"কৃষিই সমৃদ্ধি"

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

উপপরিচালক (বীজ বিপণন) এর কার্যালয়
কদমতলী,সিলেট ।
ddsmbadcsylhet@gmail.com

## ২০১৯-২০২০ সালের শীতকালিন সব্জিবীজের বরাদ্দ

২০১৯-২০২০ সালে সিলেট অঞ্চলে বিতরণের জন্য ভিত্তি ও মানসম্পন্ন জাতের টমেটো-১৬.০০ কেজি, বেগুন-১৯.৮০ কেজি, মূলা-৫৭১.০০কেজি, পালংশাক-৫৫০.০০কেজি, লালশাক-২২৯৪.০০কেজি,ঝুপড়ি সীম-৪০.০০ কেজি, মটরশুটি-৫.০০ কেজি ও লাউ-১৭৬.০০ কেজিসহ সর্বমোট ৩৬৭১.৮০ কেজি শীতকালীন সব্জি বীজের বরাদ্দ পাওয়া গেছে । শীতকালিন সব্জিবীজের আবাদী জমির পরিমাণ ও বিভিন্ন উপজেলার অতীতের বীজ বিতরণের গতিধারা এবং প্রাপ্ত বরাদ্দের ভিত্তিতে নিম্নে বিক্রয় কেন্দ্রওয়ারী ও জেলাওয়ারী শীতকালিন সব্জিবীজের বরাদ্দ দেয়া হলো (পরিশিষ্ট-ক ও খ) ।

উপজেলার বরাদ্দ হতে শীতকালিন সব্জিবীজ সংশ্লিষ্ট উপজেলার বীজ ডিলারগণ "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে ক্রয় করতে পারবেন । বীজ ডিলারগণকে বীজের বরাদ্দের পরিমাণ জেনে নিয়ে আগামী ১৫/১০/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে সিলেট,হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার বীজ ডিলারগণ "সবজি বীজ ও মসলা বীজ প্রাপ্তি হিসাব নং-০৩০০০০২৬" সোনালী ব্যাংক লিমিটেড,টিলাগড় শাখা,সিলেট হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট জমা দিয়ে সিলেট আঞ্চলিক বীজ গুদাম হতে এবং সুনামগঞ্জ জেলার বীজ ডিলারগণ "সবজি বীজ ও মসলা বীজ প্রাপ্তি হিসাব নং-০৩০০০১০০" সোনালী ব্যাংক লিমিটেড,সুনামগঞ্জ শাখা,সুনামগঞ্জ হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট জমা দিয়ে ট্রানজিট বীজ গুদাম,সুনামগঞ্জ হতে শীতকালীন সব্জি বীজ ক্রয় করার জন্য অনুরোধ করা হলো । উক্ত তারিখের পরে যদি কোন উপজেলার শীতকালিন সব্জিবীজ অবিক্রিত থেকে যায় তাহলে উক্ত বীজ অঞ্চলের যে কোন উপজেলার যে কোন আগ্রহী বীজ ডিলার/ডিলারদের মাধ্যমে "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে বিক্রয় সম্পন্ন করা হবে। এতে কারো কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না । তবে, কোন বীজ ডিলার বরাদ্দকৃত শীতকালিন সব্জিবীজ উত্তোলনে ব্যর্থ হলে তাঁর অযোগ্যতা হিসেবে গণ্য করে বিষয়টি লাইসেন্স নবায়নের ক্ষেত্রে অবশ্যই বিবেচনায় আনা হবে ।

বীজ সরবরাহকালিন সময়ে বীজ ডিলারকে সরাসরি উপস্থিত হয়ে স্বাক্ষর করে এবং পাশ বুকে লিপিবদ্ধ করে বীজ উত্তোলন করতে হবে । এক ডিলারের বীজ অন্য ডিলারকে সরবরাহ দেয়া যাবে না । তবে ডিলার কর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তিকে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বীজ সরবরাহ করা যাবে । বীজ ডিলার তার উত্তোলনকৃত বীজ বিক্রয় কেন্দ্রে নিয়ে গুদামজাত করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসারকে আগমনী বার্তা দিয়ে যথানিয়মে বীজ বিক্রি করবেন । এর অন্যথা হলে সংশ্লিষ্টদের দায়ী করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে । বীজ ডিলার নিয়োগ ও শর্তাবলী অনুযায়ী বীজ বিক্রির নিয়মাবলী ,বীজ ডিলারদের করণীয় এবং এতদসংক্রান্ত ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি রাখতে হবে ।

বরাদ্দের শীতকালিন সব্জিবীজ " আগে আসলে আগে পাবেন " ভিত্তিতে বীজ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখা হবে । নির্ধারিত তারিখের পূর্বে বরাদ্দের সমুদয় শীতকালিন সব্জিবীজ বিক্রি হওয়ার সম্ভাবনা রয়েছে । এমতাবস্থায় শীতকালিন সব্জি বীজ বিক্রি সম্পন্ন হওয়ার পর কারো কোন আপত্তি/অভিযোগ গ্রহণযোগ্য হবে না । প্রাপ্তি স্বাপেক্ষে বীজ সরবরাহ করা হবে ।

কৃষি সম্প্রসারণ বিভাগের প্রদর্শনী সহ অন্য যে কোন কর্মসূচির বীজের চাহিদা যদি থাকে তা অত্র বরাদ্দ হতে সরবরাহ নিশ্চিত করা হবে। সিনিয়র সহকারী পরিচালক(বীজ বিপণন) /উপ-সহকারী পরিচালক (বীজ বিপণন)/গুদাম রক্ষক'গণ বরাদ্দের বীজ মৌসুমের মধ্যে বিক্রয় সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসারকে লিখিতভাবে জানাবেন । বীজ "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে বিতরণ কার্যক্রম অব্যাহত থাকবে । অনির্দিষ্টকালের জন্য কোন বীজ ধরে রাখা যাবে না এবং সদর দপ্তরের নির্দেশ ব্যতিত কোন বীজ ধারে বা বাকীতে বিক্রয় করা যাবে না ।

বীজ বিতরণ বিভাগের স্মারক নং-১২৭, তারিখ-০৬ আগষ্ট ২০১৯ মূলে জারীকৃত বিক্রয়মূল্য অনুযায়ী বরাদ্দকৃত সব্জি বীজ বিক্রয় করতে হবে ।

### বিশেষ দৃষ্টি আকর্ষণঃ

১। ডিলারগণ ক্যাশ মেমোর মাধ্যমে বীজ বিক্রি করবেন। বীজ ডিলারদের দোকানে অবশ্যই সাইন বোর্ড থাকতে হবে ।

(সুপ্রিয় পাল)
(পরিচিতি নম্বরঃ০২০১৯৮)
উপপরিচালক(বীজ বিপণন)
বিএডিসি,সিলেট ।
ফোনঃ ৮৪০৭৭০

স্মারক নং-১৭৬(৬৬২)

তারিখঃ ১৫সেপ্টেম্বর ২০১৯ ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ( জৈষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। জনাব .............................................................বীজ ডিলার, গ্রাম-........................................................................... ডাকঘর...............................................................,উপজেলা.....................................................................,**জেলা-সিলেট/হবিগঞ্জ/** সুনামগঞ্জ/মৌলভীবাজার ।

২। গুদাম রক্ষক,আঞ্চলিক বীজ গুদাম,বিএডিসি,দেবপুর,সিলেট/কুলাউড়া,মৌলভীবাজার ।

৩। সিনিয়র সহকারী পরিচালক (বীজ বিপণন),বিএডিসি, হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার ।

**বরাদ্দকৃত সমুদয় বীজ বিক্রি নিঃশেষ করতে হবে । কোন বীজ অবিক্রিত রাখা যাবে না ।**

৪ আঞ্চলিক বেতার কৃষি অফিসার,সিলেট ।

৫। উপজেলা কৃষি কর্মকর্তা-.......................................................................(সকল),সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার জেলা ।

৬। উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা,বি এ আর আই,সিলেট ।

৭। উপ-পরিচালক,বিআরডিবি,সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার ।

৮। উপ-পরিচালক ,কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,সিলেট/ হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার ।

৯। যুগ্ম-পরিচালক (বীজ বিপণন),বিএডিসি,সিলেট বিভাগ,সিলেট ।

১০। অতিরিক্ত পরিচালক(ডিএই),সিলেট ।

১১। অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (বীজ বিতরণ),বিএডিসি,ঢাকা ।

১২। মহা-ব্যবস্থাপক (বীজ ),বিএডিসি,ঢাকা ।

**সদয় অবগতির জন্য**

উপপরিচালক(বীজ বিপণন)
বিএডিসি,সিলেট ।
তারিখঃ ১৫ সেপ্টেম্বর ২০১৯ ।

স্মারক নং- ১৭৬/৬৬২(৪৩)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১। জেলা প্রশাসক,সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ/মৌলভীবাজার ।

২। উপজেলা নির্বাহী অফিসার-........................................................................(সকল),সিলেট/হবিগঞ্জ/সুনামগঞ্জ /মৌলভীবাজার জেলা ।

৩। অফিস কপি ।

উপপরিচালক(বীজ বিপণন)
বিএডিসি,সিলেট ।

"পরিশিষ্ট-ক"

## ২০১৯-২০২০ সালে সিলেট অঞ্চলে শীতকালিন সব্জিবীজের জাতওয়ারী ও কেন্দ্রওয়ারী বরাদ্দ (ভিত্তি)।

(হিসাব-কেজিতে )

| ক্রঃ নং | বিক্রয় কেন্দ্রের নাম | ২০১৯-২০২০ সালে বিক্রয় কেন্দ্রওয়ারী ও জাতওয়ারী শীতকালিন সব্জিবীজের বরাদ্দ | | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | টমেটো | বেগুন | মুলা | পালংশাক | লালশাক | ঝাড়সীম | মটরশুটি | ক্ষেতলাউ | |
| | | ভিত্তি) | ভিত্তি) | ভিত্তি) | ভিত্তি) | ভিত্তি) | ভিত্তি) | ভিত্তি) | ভিত্তি) | |
| ১ | আঞ্চলিক বীজ গুদাম, সিলেট | ৪.০০ | ৮.০০ | ১০.০০ | ৫০.০০ | ৯৪.০০ | ২২.০০ | ৩.০০ | ৫০.০০ | ২৪১.০০ |
| ২ | ট্রানজিট বীজ গুদাম, সুনামগঞ্জ | ১.৮০ | ৫.০০ | ৫.০০ | ২৫.০০ | ৬০.০০ | ১০.০০ | ১.০০ | ৪০.০০ | ১৪৭.৮০ |
| ৩ | বিক্রয় কেন্দ্র, সুনামগঞ্জ | ০.২০ | ১.০০ | ১.০০ | ৫.০০ | ১০.০০ | ১.০০ | - | ৫.০০ | ২৩.২০ |
| ৪ | বিক্রয় কেন্দ্র, হবিগঞ্জ | ০.২০ | ১.০০ | ১.০০ | ৫.০০ | ১০.০০ | ১.০০ | - | ৫.০০ | ২৩.২০ |
| ৫ | বিক্রয় কেন্দ্র, মৌলভীবাজার | ০.৪০ | ২.০০ | ২.০০ | ১০.০০ | ২০.০০ | ৪.০০ | ০.৫০ | ১৬.০০ | ৫৪.৯০ |
| ৬ | বিক্রয় কেন্দ্র, কুলাউড়া | ০.৪০ | ১.৮০ | ২.০০ | ৫.০০ | ১০.০০ | ২.০০ | ০.৫০ | ১০.০০ | ৩১.৭০ |
| | মোটঃ | ৭.০০ | ১৮.৮০ | ২১.০০ | ১০০.০০ | ২০৪.০০ | ৪০.০০ | ৫.০০ | ১২৬.০০ | ৫২১.৮০ |

"পরিশিষ্ট-ক"

## ২০১৯-২০২০ সালে সিলেট অঞ্চলে শীতকালিন সব্জিবীজের জাতওয়ারী ও কেন্দ্রওয়ারী বরাদ্দ(মানসম্পন্ন) ।

(হিসাব-কেজিতে )

| ক্রঃ নং | বিক্রয় কেন্দ্রের নাম | ২০১৯-২০২০ সালে বিক্রয় কেন্দ্রওয়ারী ও জাতওয়ারী শীতকালিন সব্জিবীজের বরাদ্দ | | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | টমেটো | বেগুন | মুলা | পালংশাক | লালশাক | ঝাড়সীম | মটরশুটি | ক্ষেতলাউ | |
| | | মানঃ | মানঃ | মানঃ | মানঃ | মানঃ | মানঃ | মানঃ | মানঃ | |
| ১ | আঞ্চলিক বীজ গুদাম, সিলেট | ৫.০০ | ০.৪০ | ২০০.০০ | ২০০.০০ | ১২০০.০০ | - | | ২৫.০০ | ১৬৩০.৪০ |
| ২ | ট্রানজিট বীজ গুদাম, সুনামগঞ্জ | ২.০০ | ০.২০ | ১৫০.০০ | ১৩০.০০ | ৬০০.০০ | - | | ১৩.০০ | ৮৯৫.২০ |
| ৩ | বিক্রয় কেন্দ্র, সুনামগঞ্জ | ০.৫০ | ০.১০ | ৫০.০০ | ২০.০০ | ৫০.০০ | - | | ২.০০ | ১২২.৬০ |
| ৪ | বিক্রয় কেন্দ্র, হবিগঞ্জ | ০.৫০ | ০.১০ | ৫০.০০ | ২০.০০ | ৫০.০০ | - | | ২.০০ | ১২২.৬০ |
| ৫ | বিক্রয় কেন্দ্র, মৌলভীবাজার | ০.৫০ | ০.১০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | - | | ৪.০০ | ২০৪.৬০ |
| ৬ | বিক্রয় কেন্দ্র, কুলাউড়া | ০.৫০ | ০.১০ | ৫০.০০ | ৩০.০০ | ৯০.০০ | - | | ৪.০০ | ১৭৪.৬০ |
| | মোটঃ | ৯.০০ | ১.০০ | ৫৫০.০০ | ৪৫০.০০ | ২০৯০.০০ | - | - | ৫০.০০ | ৩১৫০.০০ |
| | (ভিত্তি+মানঃ) সর্বমোটঃ | ১৬.০০ | ১৯.৮০ | ৫৭১.০০ | ৫৫০.০০ | ২২৯৪.০০ | ৪০.০০ | ৫.০০ | ১৭৬.০০ | ৩৬৭১.৮০ |

"পরিশিষ্ট-খ"

## ২০১৯-২০২০ সালে সিলেট অঞ্চলে জেলাওয়ারী শীতকালিন সব্জিবীজের জাতওয়ারী বরাদ্দ ।

(হিসাব-কেজিতে )

| ক্রঃ নং | জেলার নাম | ২০১৯-২০২০ সালে সিলেট অঞ্চলে জেলাওয়ারী ও জাতওয়ারী শীতকালিন সব্জিবীজের বরাদ্দ | | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | টমেটো | বেগুন | মুলা | পালংশাক | লালশাক | ঝাড়সীম | মটরশুটি | ক্ষেতলাউ | |
| ১ | সিলেট | ৪.৫০ | ৫.৫০ | ১১৫.০০ | ১৪০.০০ | ৬৮০.০০ | ১০.০০ | ২.০০ | ৫০.০০ | ১০০৭.০০ |
| ২ | মৌলভীবাজার | ৪.০০ | ৪.০০ | ১৫০.০০ | ১৩০.০০ | ৫০০.০০ | ১০.০০ | ১.০০ | ৩৬.০০ | ৮৩৫.০০ |
| ৩ | হবিগঞ্জ | ৩.০০ | ৪.০০ | ১০০.০০ | ১০০.০০ | ৩৯৪.০০ | ৯.০০ | ১.০০ | ৩০.০০ | ৬৪১.০০ |
| ৪ | সুনামগঞ্জ | ৪.৫০ | ৬.৩০ | ২০৬.০০ | ১৮০.০০ | ৭১০.০০ | ১১.০০ | ১.০০ | ৬০.০০ | ১১৮৮.৮০ |
| | মোটঃ | ১৬.০০ | ১৯.৮০ | ৫৭১.০০ | ৫৫০.০০ | ২২৯৪.০০ | ৪০.০০ | ৫.০০ | ১৭৬.০০ | ৩৬৭১.৮০ |

(সুপ্রিয় পাল)
(পরিচিতি নম্বরঃ০২০১৯৮)
উপপরিচালক(বীজ বিপণন)
বিএডিসি,সিলেট ।
ফোনঃ ৮৪০৭৭০